# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

www.ccc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ০৩ আগষ্ট ২০২২ খ্রি.

**সাবেক গণপরিষদ সদস্য আবু ছালেহ'র**
**মৃত্যুতে সিটি মেয়র রেজাউল করিম চৌধুরী'র শোক**

জাতির জনকের ঘনিষ্ঠ সহচর, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, ষাটের দশকের খ্যাতিমান ছাত্রনেতা সাবেক গণপরিষদ সদস্য ও চট্টগ্রাম দক্ষিণ জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও ভারপ্রাপ্ত সভাপতি জননেতা এম. আবু ছালেহ'র মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক প্রকাশ করেন। এক শোক বার্তায় তিনি বলেন, আবু ছালেহ মুক্তিযুদ্ধ থেকে শুরু করে দেশের সকল গণতান্ত্রিক আন্দোলনে সক্রিয় ছিলেন। তাঁর মৃত্যুতে দেশ ও জাতি একজন বীরকে হারালো, যাহা পুরণ হওয়ার নয়। মেয়র তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

**জাতির জনকের প্রতি শ্রদ্ধা নিবেদনে টুঙ্গিপাড়া যাত্রার লক্ষে**
**চসিক প্রতিনিধি দলের প্রস্তুতি সভা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী'র সার্বিক ব্যবস্থাপনায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে মাসব্যাপী কর্মসুচির অংশ হিসেবে আগামী ২৫ আগস্ট বৃহস্পতিবার চট্টগ্রাম সিটি কর্পোরেশনের একটি প্রতিনিধি দল জাতির জনকের সমাধীতে শ্রদ্ধা নিবেদনের জন্য টুঙ্গিপাড়ার উদ্দেশ্যে রওয়া করবে। এ কর্মসূচি সফল করার লক্ষ্যে আজ বুধবার সকালে টাইগারপাসস্থ নগর ভবনের সম্মেলন কক্ষে প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিনের সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় টুঙ্গিপাড়ার বিভিন্ন কর্মসূচি নিয়ে আলোচানা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন-প্যানেল মেয়র আফরোজা কালাম, ওয়ার্ড কাউন্সিলর হাজী নুরুল হক, গোলাম মোহাম্মদ জোবায়ের, মো. সলিম উল্লাহ বাচ্চু, হাসান মুরাদ বিপ্লব, আবদুস সালাম মাসুম, মো. নুরুল আমিন, মো জহুরুল আলম জসিম, আবুল হাসনাত মো. বেলাল, পুলক খাস্তগীর, মোহাম্মদ সাহেদ ইকবাল, গাজী শফিউল আজিম, মো. ইসমাইল, এসরারুল হক, সংরক্ষিত কাউন্সিলর লুৎফুন্নেছা দোভাষ বেবী, আনজুমান আরা, ফেরদৌসী আকবর, শাহীন আকতার রোজী, রুমকি সেনগুপ্ত, হুরে আরা বিউটি, তসলিমা বেগম প্রমুখ।

চসিক জেনারেল হাসপাতালের সমন্বয় সভায় প্রনিক
**আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব পালনের আহ্বান**

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালি জেনারেল হাসপাতালে কর্মরত চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদের এক সমন্বয় সভা গতকাল সকালে জেনারেল হাসপাতালের সম্মেলন কক্ষে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম। উপস্থিত ছিলেন-ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুম, স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ ইমাম হোসেন রানা, এমও ইনচার্জ ডা. দীপা ত্রিপুরা, মেডিকেল অফিসার ডা. জোনাকী দেবী, ডা. নিবেদিতা দেবী, ডা. মো. রেজাউল করিম, ডা. দীপান্বিতা নাথ, ডা. নাজিয়া খুরশীদ পিংকি প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মোহাম্মদ শহীদুল আলম বলেন, চসিক সাধারণ নগরবাসীর স্বাস্থ্যসেবা দিয়ে যাচ্ছে। এই সেবা প্রদানে নাগরিকগণ যাতে কোন প্রকার হয়রানির স্বীকার না হয়। সে লক্ষে আপনাদের আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করতে হবে। তিনি সকলকে সময়মতো অফিসে উপস্থিতিসহ নিষ্ঠার সথে দায়িত্ব পালনের আহবান জানান। আপনাদেরই চসিক স্বাস্থ্য বিভাগের সুনাম রক্ষায় কাজ করতে হবে।

সভাপতির বক্তব্যে ডা. সেলিম আকতার চৌধুরী বলেন, অনেক সমস্যা ও সীমাবদ্ধতার মধ্যেদিয়ে আমাদের কাজ করতে হচ্ছে। তিনি সমস্যাগুলো চিহ্নিত করে পর্যায়ক্রমে সেগুলো সমাধান করা হবে  বলে জানান এবং সকলকে আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব পালন করে স্বাস্থ্য বিভাগের অর্জিত সুনাম অক্ষুন্ন রাখতে হবে।

## চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পরিদর্শন টিম কর্তৃক চসিক হেলথ টেকনোলজি ইনস্টিটিউট এণ্ড ম্যাটস পরিদর্শন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত হেলথ টেকনোলজি ইনস্টিটিউট এণ্ড ম্যাটসের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অধিভূক্তি নবায়নের লক্ষ্যে গতকাল মঙ্গলবার দুপুরে ফিরিঙ্গি বাজারস্থ ইনস্টিটিউট পরিদর্শন করেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের চার সদস্য বিশিষ্ট একটি পরিদর্শণ টিম। পরিদর্শন টিম বিভিন্ন শ্রেণি কক্ষ ঘুরে দেখেন এবং ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের সাথে আলাপ করেন। তাঁর প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রমে প্রত্যক্ষ করে সন্তুষ্টি প্রকাশ করেন এবং তাঁদের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। পরিদর্শন টিমকে স্বাগত জানান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী।
পরিদর্শন টিমের সদস্যগণ হলেন-চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় কলেজের নার্সিং ও মেডিকেল টেকনোলজী অনুষদের ডিন অধ্যাপক ডা. মোহাম্মদ মনোয়ার-উল-হক, বেসিক সায়েন্স ও প্যারা ক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ডা. মো. হাফিজুল ইসলাম, উপ-কলেজ পরিদর্শক ডা. আইরিন সুলতানা প্রমুখ।

**চসিক ভ্রাম্যমাণ আদালত**

## বিভিন্ন সড়কে উচ্ছেদ অভিযান পরিচালনাসহ ১২ ব্যক্তিকে ৬৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর চকবাজার মেডিকেল কলেজের সামনে কে বি ফজলুল কাদের রোড, অলি খাঁ মসজিদ মোড়, গোলজার মোড়, লালচাঁন্দ রোড, কাঁচা বাজার এলাকা ও কে বি আমান আলী রোডের ফুলতলা পর্যন্ত ফুটপাত ও রাস্তার উভয় পার্শ্বের অংশ অবৈধভাবে দখল করে দোকানপাট স্থাপন করে জনদুর্ভোগসহ নালার পানি নিষ্কাশনে প্রতিবন্ধকতা সৃষ্টির অপরাধে শতাধিক দোকানপাট উচ্ছেদ করে নালা, ফুটপাত ও রাস্তা অবৈধ দখলমুক্ত করা হয়। এই সময় রাস্তায় নির্মাণসামগ্রী রাখা ও ফুটপাত দখল করার দায়ে ১২ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৬৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। উচ্ছেদ অভিযানে অংশনেন সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম ও চকবাজার ওয়ার্ডের কাউন্সিলর নুর মোস্তফা টিনু। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও আনসার ব্যাটালিয়ন সদস্যরা ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

সংবাদদাতা
স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন। মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩